দৈনিক
ইত্তেফাক

তারিখ 27 FEB 2016
পৃষ্ঠা 20 কলাম 7

# স্মৃতির কঙ্কাল ডাকসু

## ২৫ বছর নির্বাচন নেই



সম্প্রতি শিক্ষামন্ত্রী ডাকসুসহ বিশ্ববিদ্যালয় ছাত্র সংসদগুলোর নির্বাচন না হওয়ার জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সাহসের অভাবকে দায়ী করেছেন। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ বলেছেন তাদের সদিচ্ছার অভাব নেই

—সামসুল হায়দার বাদশা

■ মাহবুব রনি

বাঙালির স্বাধিকার ও স্বাধীনতার আন্দোলনে আশার প্রদীপ হয়ে জ্বলে উঠেছিল ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু)। দেশকে এগিয়ে নেয়ার নেতৃত্ব তৈরির আঁতুড়ঘর এটি। ছাত্রদের অধিকার আদায় ও মর্যাদা প্রতিষ্ঠার হাতিয়ারও। বিশ্ববিদ্যালয় প্রশাসন ও শিক্ষার্থীদের মধ্যে সেতুবন্ধন রচনাকারী সংগঠন ডাকসু। এই সংগঠনের আবেদন এখনও এক বিন্দু কমেনি, বরং বেড়েছে। কিন্তু দীর্ঘ ২৫ বছর ধরে নির্বাচন হয়নি দেশের ছাত্র আন্দোলনে সবচেয়ে বেশি আলোড়ন সৃষ্টিকারী ও শিক্ষার্থীদের সবচেয়ে বড় নির্দলীয় মঞ্চটির। দুই যুগের বেশি সময় ধরে অচলাবস্থা চলছে। শিক্ষার্থীদের ধারাবাহিক দাবির পরও নির্বাচন অনুষ্ঠিত হচ্ছে না। স্মৃতির কঙ্কালে পরিণত হচ্ছে ডাকসু।

শিক্ষার্থীরা বলছেন, বিশ্ববিদ্যালয়ে শিক্ষকদের নির্বাচন হয়, কর্মকর্তা-কর্মচারীদের নির্বাচন হয় কিন্তু যেই শিক্ষার্থীদের জন্য বিশ্ববিদ্যালয়, তাদের নির্বাচনটিই অনুষ্ঠিত হয় না। যখন যে দলই ক্ষমতায় থাকুক না কেন, ক্ষমতাসীন দলগুলোর ছাত্র সংগঠনের ক্ষমতা খর্ব হওয়ার ভয়ে নির্বাচনের আয়োজন করা হচ্ছে না। কর্তৃপক্ষের সাহসী ও দায়িত্বশীল ভূমিকার মাধ্যমেই নির্বাচন অনুষ্ঠিত হতে পারে। তারা বলছেন, পাকিস্তানের অগণতান্ত্রিক সরকারের

পৃষ্ঠা ২ কলাম ৬